

## 💵 জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ দাফন ও প্রাসঙ্গিক আলোচনা রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আবুল আযীয ইব্ন আবুল্লাহ ইব্ন বায রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ৭- কবর খননের লাহাদ ও শেক তথা সিন্দুক ও বগলি এ দু'প্রকারের মধ্যে কোনটি উত্তম এবং দাফন শেষে কবর কতটুকু উঁচু করবে?

উত্তর - মদীনাবাসী লাহাদ খননেই অভ্যস্ত ছিল, তবে কখনো কখনো শেকও খনন করত, যেহেতু আল্লাহ তাআলা তার হাবীব মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জন্যে লাহাদ পছন্দ করেছেন, তাই লাহাদই উত্তম, তবে শেকও জায়েয, বিশেষ করে যখন কোন প্রয়োজন দেখা দেয়। সাহাবি ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত,

اللحد لنا والشق لغيرنا

"লাহাদ আমাদের জন্যে আর শেক অন্যদের জন্যে"। এ হাদিসটি খুবই দুর্বল। কারণ এ হাদিসের সনদে বিদ্যমান আব্দুল-আ'লা আচ্ছালাবী নামক জনৈক বর্ণনাকারী হাদিস বর্ণনার ক্ষেত্রে নির্ভরযোগ্য নয়। আর কবর উঁচু করা হবে এক বিঘত বা তার কাছাকাছি পরিমাণ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14846

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন